দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 SEP 2007
পৃষ্ঠা ৩ কলাম ২

# খুলেছে কলেজ খুলছে ভার্সিটি

মোশতাক আহমেদ/মাজহারুল আনোয়ার শিপু

অনির্ধারিত বন্ধের কবলে পড়া দেশের পাবলিক বিশ্ববিদ্যালয় এবং বিভাগীয় শহরের কলেজগুলো আবারও সচল হয়ে উঠছে। যে বিশ্ববিদ্যালয়ের ঘটনায় বন্ধ হলো শিক্ষাঙ্গন সেই ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে ঈদের পর ২৮ অক্টোবর। আবাসিক হল খুলছে পাঁচদিন আগে ২৩ অক্টোবর। তবে অফিসগুলো আজ রবিবার থেকেই খুলছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় খুলবে ১২ সেপ্টেম্বর ও হল খুলবে আগের দিন ১১ সেপ্টেম্বর। বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় খুলবে আগামী মঙ্গলবার। হল খুলবে আজ রবিবার। এর মধ্যে দিয়ে অনির্দিষ্টকালের জন্য বন্ধ হওয়া রাজশাহী ও জগন্নাথ বিশ্ববিদ্যালয় বাদে বাকি সব ক'টি পাবলিক বিশ্ববিদ্যালয়ই খোলার ঘোষণা হলো। বুয়েটসহ বেশিরভাগ বিশ্ববিদ্যালয়েই আগামীকাল সোমবার থেকে ক্লাস শুরু হবে বলে ইতোমধ্যে ঘোষণা দেয়া হয়েছে।

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আলতাফ হোসেন জনকণ্ঠকে জানিয়েছেন, রোজা শুরু হওয়ার আগেই সিন্ডিকেট সভা করে তাদের বিশ্ববিদ্যালয় খোলার তারিখ ঘোষণা করা হবে।

দীর্ঘ ষোলো দিন অনির্ধারিত বন্ধের পর শনিবার থেকে

## শঙ্কা না কাটায় উপস্থিতি কম॥ ঢাবি খুলবে ঈদের পর, জাবি ১২ সেপ্টেম্বর

দেশের বিভাগীয় শহরের কলেজগুলো খুলে দেয়া হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সকল সরকারী ও বেসরকারী কলেজও খুলেছে একই দিনে। তবে প্রথম দিনে কলেজগুলোতে ছাত্রছাত্রীর উপস্থিতি ছিল কম। ক্লাসও হয়েছে কম। বৃষ্টি-বাদলার পাশাপাশি মামলার আতঙ্কে অনেক শিক্ষার্থী কলেজে আসেনি বলে জানিয়েছে শিক্ষার্থীরা। রাজধানীর ইডেন কলেজ, ঢাকা কলেজে খোঁজ নিয়ে জানা গেছে, সেখানে প্রথম দিনে শিক্ষার্থীর উপস্থিতি ছিল সামান্য। ক্লাসও হয়েছে খুব কম। কলেজে উপস্থিত ছাত্রছাত্রীরা জানিয়েছে, এই দু'টি কলেজের শিক্ষার্থীরাও ছাত্র বিক্ষোভে অংশ নিয়েছিল। যেহেতু হাজার হাজার অজ্ঞাত শিক্ষার্থীর নামে মামলা হয়েছে তাই কলেজের শিক্ষার্থীরা মামলার ভয়ে কলেজে আসছে না। তবে ঢাকা কলেজের পার্শ্ববর্তী সিটি কলেজসহ রাজধানীর অনেক কলেজেই শিক্ষা কার্যক্রম চলেছে স্বাভাবিক গতিতে। চট্টগ্রাম অফিস জানিয়েছে, চট্টগ্রাম শহরের কলেজগুলোতেও বৃষ্টি বাদলার কারণে প্রথম দিন শিক্ষার্থীর উপস্থিতি ছিল সামান্য। একই অবস্থা অন্যান্য বিভাগীয় শহরের কলেজগুলোতেও। শিক্ষার্থীদের ভাষায় মামলার বিষয়টি নিষ্পত্তি না হওয়া পর্যন্ত শিক্ষার্থীর উপস্থিতি কমই হবে। অবশ্য সরকার শিক্ষার্থীদের ভীতি দূর করতে শীঘ্রই চার্জশীট দিচ্ছে। চার্জশীটে শতাধিক লোক ছাড়া বাকি সবাইকে মামলা থেকে বাদ দেয়া হচ্ছে বলে জানা গেছে। কলেজ অধ্যক্ষরা বলছেন, প্রথম দিন হওয়ায় শিক্ষার্থীর উপস্থিতি কম। দুয়েক দিনের মধ্যে সবকিছু স্বাভাবিক হয়ে যাবে।

রাজধানীর ভিকারুননিসা নূন স্কুল এ্যান্ড কলেজ খুলবে আজ রবিবার। কলেজের অধ্যক্ষ তাহমিনা খানম জনকণ্ঠকে এই তথ্য জানিয়ে বলেছেন, শনিবার সাপ্তাহিক ছুটির দিন থাকায় আমরা আজ রবিবার থেকে কলেজ খোলার সিদ্ধান্ত নিয়েছি।

চট্টগ্রাম মেডিক্যাল কলেজের ক্লাস শুরু হবে ১১ সেপ্টেম্বর থেকে। হল খুলে দেয়া হয়েছে শনিবার।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের জিমনেশিয়ামে গত ২০ আগস্ট ছাত্রদের সঙ্গে আইনশৃঙ্খলা বাহিনীর উদ্ভূত পরিস্থিতিতে অশান্ত হয়ে ওঠে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ

(১১- পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

## খুলেছে কলেজ

(প্রথম পাতার পর)

দেশের প্রধান প্রধান শিক্ষাঙ্গন। শেষতক বিক্ষোভ ছড়িয়ে পড়ে দেশের বিভিন্ন স্থানে। এমনি পরিস্থিতিতে ২২ আগস্ট রাত আটটা থেকে কার্ফু জারি করা হয় এবং সব বিশ্ববিদ্যালয় ও বিভাগীয় শহরের কলেজগুলো অনির্দিষ্টকালের জন্য বন্ধ করে দেয়া হয়েছিল।

এর মধ্যে কয়েকদিন আগে শিক্ষা উপদেষ্টা আইয়ুব কাদরীর সঙ্গে উপাচার্যদের এক বৈঠকে স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের নিজস্ব সিন্ডিকেটের মাধ্যমে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার সিদ্ধান্ত হয়। তারই ধারাবাহিকতায় দু'য়েকটি বাদে সব ক'টি পাবলিক বিশ্ববিদ্যালয় খোলার ঘোষণা হয়েছে ইতোমধ্যে। অতঃপর যে বিশ্ববিদ্যালয়ের ঘটনাকে কেন্দ্র করে বন্ধ হলো দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয় ও বিভাগীয় শহরের কলেজ সেই ঢাকা বিশ্ববিদ্যালয়ও খোলার তারিখ ঘোষণা হলো শনিবার। তারিখ ঘোষণা হলেও বিশ্ববিদ্যালয় খুলবে সেই ঈদের পর ২৮ অক্টোবর। আবাসিক হল খুলবে ২৩ অক্টোবর।

শনিবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এই সিদ্ধান্ত হয়েছে। এর আগে সকালে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এসএমএ ফায়েজের সঙ্গে বিভিন্ন অনুষদের ডিনদের এক সভায় উল্লিখিত তারিখে বিশ্ববিদ্যালয় খোলার সুপারিশ করা হয়। সকালে প্রশাসনিক ভবনে অনুষ্ঠিত হয় এই সভা। সভায় সকল অনুষদের ডিনগণ উপস্থিত ছিলেন। ডিনদের সঙ্গে বৈঠক শেষে উপাচার্য অধ্যাপক ফায়েজ সাংবাদিকদের বলেন, সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ করে ডিনদের পক্ষ থেকে ২৮ অক্টোবর বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার প্রস্তাব আসে। সেক্ষেত্রে হলগুলো খোলা হবে ৫ দিন আগে ২৩ অক্টোবর। তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের স্থগিত মৌখিক পরীক্ষাগুলোর নতুন সিডিউল ঘোষণা করা হবে ২৮ অক্টোবরের মধ্যেও। এছাড়া ১৫ সেপ্টেম্বর থেকে বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোর মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। এ ব্যাপারে অনুষদগুলোর সিদ্ধান্তই যথেষ্ট। তাদের সুবিধা অনুযায়ী যেকোন দিন মৌখিক পরীক্ষা নিতে পারে। তিনি জানান, ছাত্র-শিক্ষকদের গবেষণা কার্যক্রম শুরু হবে আজ থেকে। অফিসও চলবে আজ থেকে। ২৮ অক্টোবর পর্যন্ত লাইব্রেরী বিকাল পাঁচটা পর্যন্ত খোলা থাকবে। বিশ্ববিদ্যালয়ের অধীনস্থ সান্ধ্যকালীন প্রোগ্রাম ও পরীক্ষা শুরু হবে ১৫ সেপ্টেম্বর। তিনি জানান কোন শিক্ষার্থীর যদি হলে থাকা মালামাল দরকার হয় তবে হল কর্তৃপক্ষের অনুমতি নিয়ে আনতে পারবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীভুক্ত কলেজগুলোও শনিবার থেকে খুলেছে। তবে একাধিক পরীক্ষা পিছিয়ে যাওয়ায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের আবারও ছয় মাসের সেশনজটের আশঙ্কা করা হচ্ছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় শনিবার এক জরুরী সিন্ডিকেট সভা করে ১২ সেপ্টেম্বর থেকে খোলার সিদ্ধান্ত নেয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় স্থগিত হওয়া পরীক্ষা নেয়ার তারিখ সংশ্লিষ্ট বিভাগই ঘোষণা করবে বলে সিদ্ধান্ত হয়।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (ময়মনসিংহ) উপাচার্য অধ্যাপক মোশাররফ হোসাইন মিঞার সভাপতিত্বে এক জরুরী সিন্ডিকেট সভায় আগামী মঙ্গলবার (১১ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয় খোলার সিদ্ধান্ত হয়। হল খুলবে আজ রবিবার। পরীক্ষাসমূহ আগামী ১৬ সেপ্টেম্বর থেকে যথারীতি অনুষ্ঠিত হবে।

খুলনা: অফিস জানিয়েছে, আগামী মঙ্গলবার থেকে খুলনা বিশ্ববিদ্যালয় খুলছে, হল খুলবে আজ রবিবার থেকে।